

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২০

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ একজন মানুষের উপর আবশ্যক হলো নফল ইবাদত পালন করার পাশাপাশি নিজের ও পরিবারের হক আদায় করা

ذِكْنُ الْإِخْبَارِ بِأَنَّ عَلَى الْمَرْءِ مَعَ قِيَامِهِ فِي النَّوَافِلِ إِعْطَاءَ الْحَظِّ لِنَفْسِهِ وَعِيَالِهِ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُتَنَّى حَدَّتَنَا أَبُو خَيْتُمَةَ حَدَّتَنَا جَعْفَرُ بْنُ عَوْنِ حَدَّتَنَا أَبُو عُمَيْسٍ عَنْ عَوْنِ بْنِ أَبِي جُحَيْفَةَ عَنْ أَبِيهِ: (أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ آخَى بَيْنَ سَلْمَانَ وَأَبَى الدَّرْدَاءِ قَرَأَى أُمَّ الدَّرْدَاءِ قَرَأَى أُمَّ الدَّرْدَاءِ مَتَبَتِلَةً فَقَالَ: مَا شَأْنُكِ؟ قَالَتْ: إِنَّ أَخَاكَ لَيْسَتْ لَهُ حَاجَةٌ فِي الدُّنْيَا فَلَمَّا جَاءَ أَبُو الدَّرْدَاءِ رَحَّبَ فَقَالَ: ما شَأْنُكِ؟ قَالَتْ: إِنَّ أَخَاكَ لَيْسَتْ لَهُ حَاجَةٌ فِي الدُّنْيَا فَلَمَّا جَاءَ أَبُو الدَّرْدَاءِ رَحَّبَ بِهِ سَلْمَانُ وقرَّب إلَيْهِ طَعَامًا فقَالَ لَهُ سَلْمَانُ: اطْعَمْ قَالَ: إِنِّي صَائِمٌ قَالَ أَقْسَمْتُ عَلَيْكَ إِلَّا طَعِمْتَ فَإِنِي مَا أَنَا بآكلِ حَتَّى تَأْكُلَ قَالَ: يَا أَبَا الدَّرْدَاءِ إِنَّ لِرَبِكَ عَلَيْكَ حَقًا وَلِأَهْلِكَ عَلَيْكَ مَقَا وَلِهُ اللَّهُ عَلَيْكَ حَقًا وَلِأَهْلِكَ عَلَيْكَ حَقًا وَلِأَهْلِكَ عَلَيْكَ حَقًا وَلِاهُلِكَ عَلَيْكَ حَقًا وَلِجَسَدكَ عَلَيْكَ حَقًا أَعْطِ كُلَّ ذِي حَقِّ حَقَّهُ صَمُ وَأَفْطِرْ وَقُم وَنَمْ وَائْتَ أَهْلَكَ فَلَمَّا كَانَ مِنَ اللَّيْلِ حَقًا وَلِجَسَدكَ عَلَيْكَ حَقًا أَعْطِ كُلُّ ذِي حَقِّ حَقَّهُ صَمُ وَأَفْطِرْ وَقُم وَنَمْ وَائْتَ أَهُلَكَ فَلَمَّا حَقًا وَلِجَسَدكَ عَلَيْكَ حَقًا أَعْطِ كُلُّ ذِي حَقِّ حَقَّهُ صُمُ وَأَفْطِرْ وَقُم وَنَمْ وَائْتَ أَهْلَكَ فَلَمَّا حَلَيْكَ عَلَيْكَ عَلَيْكَ عَلَيْكَ عَلَيْكَ عَلَيْكَ عَلَيْكَ فَلَمَّا مَلَكَى النَّهُ عَلَيْهِ وَسَلَمَ عَلَيْهِ وَسَلَمَ عَلَيْهِ وَسَلَمَ مَلُ عَلَى المَّنَ عَلَيْه وَسَلَمَ مَلُ اللَّهُ عَلَيْه وَسَلَمَ مَلَ هَالَ سَلْمَانُ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْه وسلم مثل ما قال سلمان.)

الراوي: أَبُو جُحَيْفَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 320 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩২০. আবু জুহাইফা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সালমান ও আবু দারদা রাদ্বিয়াল্লাহু আনহুমার মাঝে ভ্রাতৃত্ব স্থাপন করে দেন। অতঃপর সালমান রাদ্বিয়াল্লাহু আনহু



একদিন আবু দারদা রাদ্বিয়াল্লাভ্ আনভ্কে দেখতে আসেন। অতঃপর উম্মু দারদাকে জীর্ণ-শীর্ণ বেশ-ভুষায় দেখতে পান এবং তাকে বলেন: "আপনার এ কী অবস্থা " জবাবে তিনি বলেন: "আপনার ভাইয়ের দুনিয়ার কোন প্রয়োজন নেই।" এরপর যখন আবু দারদা রাদ্বিয়াল্লাভ্ আনভ্ আসেন, তখন সালমান রাদ্বিয়াল্লাভ্কে আনভ্ তিনি স্বাগতম জানান এবং তাঁর জন্য খাবার পেশ করেন। সালমান রাদ্বিয়াল্লাভ্ আনভ্ বলেন: "আপনিও খাওয়া-দাওয়া করুন।" তিনি বলেন: "আমি সিয়াম রেখেছি।" সালমান রাদ্বিয়াল্লাভ্ আনভ্ বলেন: "আল্লাহর কসম, যদি আপনি না খান, তবে আপনি না খাওয়া পর্যন্ত আমিও খাব না। ফলে তিনি তার সাথে খাওয়া-দাওয়া করেন এবং তাঁর কাছে রাত্রি যাপন করেন। যখন রাত হলো তখন আবু দারদা রাদ্বিয়াল্লাভ্ আনভ্ সালাত আদায়ের উদ্দেশ্যে দাঁড়ান কিন্তু সালমান রাদ্বিয়াল্লাভ্ আনভ্ তাঁকে আটকে রাখেন। তারপর বলেন: "হে আবু দারদা, আপনার উপর আপনার রবের হক রয়েছে, আপনার পরিবারের হক রয়েছে এবং আপনার শরীরেরও হক রয়েছে। স্বাইকে তাদের হক দিন। আপনি সিয়াম রাখুন আবার সিয়াম ছাডুন, রাতে কিয়াম করুন এবং ঘুমান এবং স্ত্রীর কাছে গমন করুন। এরপর যখন ভোর হলো তখন বলেন: "এখন উঠুন।" অতঃপর দুইজনে উঠে সালাত আদায় করেন। তারপর দুইজনে (ফজরের সালাত আদায় করার জন্য) বের হন। রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম যখন সালাত শেষ করেন তখন আবু দারদা রাদ্বিয়াল্লাভ্ আনভ্ তাঁকে বাবলছেন, তা তাঁকে অবহিত করেন। তখন রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লামও তাঁকে তা-ই বলেন, যা আবু দারদা রাদ্বিয়াল্লাভ্ আনভ্ তাঁকে বলেছিলেন।"[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ১৯৬৮; আদাবুল মুফরাদ: ৬১৩৯; তিরমিযী: ২৪১৩; সুনান বাইহাকী: ৪/২৭৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মুখতাসার আল বুখারী: ৯২৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু জুহাইফাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন